

এক্সে বিকিরণ স্থাপনার বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের জন্য আয়োজিত ১০১ তম প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের প্রতিবেদন



গত ৮ই ডিসেম্বর ২০১৫ইং তারিখে অনুষ্ঠিত হয় “এক্সে বিকিরণ স্থাপনার বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের জন্য আয়োজিত ১০১ তম প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান”। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির স্থান আলোকিত করেন মাননীয় মন্ত্রী, স্বপ্তি ইয়াফেস ওসমান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মনিরুল ইসলাম। সম্পূর্ণ অনুষ্ঠানটি সাবলীলভাবে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রফেসর ড. নঙ্গেম চৌধুরী। এই আয়োজনে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্যবৃন্দ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল বিজ্ঞানী ও প্রকৌশলী এবং ১০১ তম কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা।



অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কোর্স সমন্বয়কারী বেগম রাজিয়া পারভীন। উনি উনার বক্তব্যে প্রশিক্ষণের সাথে জড়িত বিভিন্ন তথ্য তুলে ধরেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথিও বক্তব্য রাখেন।



মাননীয়মন্ত্রী মহোদয় উনার মূল্যবান বক্তব্যে “প্রশিক্ষণের প্রয়োজনীয়তা” ও “জ্ঞানের কোন বিকল্প নাই” এই বিষয়গুলি স্বত্বাব সুলভ কবিতার ছন্দে ও বিভিন্ন ঘটনার উদাহরণ দিয়ে সুন্দর ভাবে উপস্থাপন করেন।



সবশেষে সভাপতি মহোদয় উনার স্বতন্ত্র বক্তব্যে উপস্থিত সবাইকে উৎসাহিত করেন। ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশের মাধ্যমে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।